

অথবা

৫। মতিলাল ও রামলালের শিক্ষা প্রসঙ্গে উনিশ শতকের শিশুশিক্ষার ধারায় প্রচলিত আদর্শ ও নীতিশিক্ষার কথা কেন প্রতিধ্বনিত হয়েছে তা ব্যাখ্যা করো। ১০

৬। ‘ছতোম প্যাঁচার নকশা’তেই প্রথম গ্রন্থনামে ‘নকশা’ কথাটির ব্যবহার দেখা যায়। নকশা জাতীয় রচনার বৈশিষ্ট্য প্রসঙ্গে এই ব্যবহারের বিশেষ কোন গুরুত্ব আছে বলে কি তুমি মনে কর? যুক্তিসহ লেখো। ১০

অথবা

৭। চিরস্থায়ী বন্দোবস্ত ও সূর্যাস্ত আইনের প্রসঙ্গ ‘কোম্পানি আমলের’ কলকাতার সামাজিক জীবনের বর্ণনায় কেন এবং কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল তা ‘কলিকাতার বারোইয়ারি পূজা’ রচনাটি অবলম্বনে আলোচনা করো। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্যসেমেষ্টার পরীক্ষা, ২০২২

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেষ্টার)

বাংলা

কোর্স : পি.জি. ২.২

বাংলা বিতর্কের গদ্য ও নকশা (সমাজ ও ভাষা)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নীচের যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১। বিদ্যাসাগর শাস্ত্রীয় যুক্তিগুলিকে যেভাবে ব্যবহার করেছেন তার মধ্যে তাঁর আন্তরিক বিশ্বাসের কোনো প্রতিফলন নেই, তিনি একটা বিশেষ সময়ে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে শাস্ত্রকে ব্যবহার করেন মাত্র। এ কথা কি তুমি মানবে? যুক্তি সহ বুঝিয়ে লেখো। ১০

অথবা

২। বিদ্যাসাগর প্রদত্ত শাস্ত্রীয় যুক্তিগুলি অনেকসময়ই নিশ্চিত নয়, এমনকী কিছু ক্ষেত্রে তা স্ববিরোধী। এই মন্তব্যের পক্ষে-বিপক্ষে তোমার মতামত বুঝিয়ে লেখো।

৩। রামমোহন রায়ের ‘সহমরণ বিষয়ক প্রবর্তক ও নিবর্তকের সংবাদ’-এ ‘প্রবর্তক’-এর কোন চারটি যুক্তি তোমার সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে হয়? সেই সঙ্গে জানাও, ওই চারটি যুক্তির মোকাবিলা ‘নিবর্তক’ কেমনভাবে করেছিলেন?

৪। গ্রন্থের আখ্যাপত্রে ‘আলালের ঘরের দুলাল’কে লেখক ‘নভেল’ হিসেবে প্রস্তাব করলেও গঠনগত দৃষ্টির কারণে এটি শেষ পর্যন্ত নভেল হয়ে উঠতে পারেনি। এই বক্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার নিজস্ব মতামত লেখো। ১০

[Turn over